

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
সিপি-২ শাখা  
www.mopa.gov.bd

স্মারক নং-০৫.০০.০০০০.১৯৬.২৩.০১৩.১৮-০৬


২৩ পৌষ, ১৪২৫ বঃ  
তারিখ:-----  
০৬ জানুয়ারি, ২০১৯ খ্রি.

বিষয়: 'জনপ্রশাসন পদক ২০১৯' প্রদানের জন্য মনোনয়ন আহবান।

জনপ্রশাসনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের সৃজনশীল কার্যক্রম উৎসাহিত করার লক্ষ্যে 'জনপ্রশাসন পদক নীতিমালা ২০১৫' (২০১৬ সালে সংশোধিত) অনুসারে সাধারণ ও কারিগরি ক্ষেত্রে জাতীয় ও জেলা পর্যায়ে শ্রেষ্ঠ ব্যক্তি, শ্রেষ্ঠ দল ও শ্রেষ্ঠ প্রতিষ্ঠান এ ০৩ (তিন) শ্রেণিতে মোট ০৬ (ছয়)টি ক্যাটাগরিতে জনপ্রশাসন পদক ২০১৯ প্রদান করা হবে। নীতিমালার ৮ ধারা অনুসারে জেলা/অধিদপ্তর/পরিদপ্তর/মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ের মনোনয়ন প্রেরণের সময়সূচি নিম্নরূপ:

মনোনয়ন আহবান	-	৫ জানুয়ারির মধ্যে
জেলা কমিটি/অধিদপ্তর পর্যায়ের কমিটিতে মনোনয়ন প্রেরণ	-	১৫ ফেব্রুয়ারির মধ্যে
জেলা/অধিদপ্তর পর্যায়ে মনোনয়ন চূড়ান্তকরণ	-	৭ মার্চের মধ্যে
জেলা/অধিদপ্তর কর্তৃক মন্ত্রণালয়ে মনোনয়ন প্রেরণ	-	১৫ মার্চের মধ্যে
মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে মনোনয়ন চূড়ান্তকরণ	-	৩১ মার্চের মধ্যে
জাতীয় কমিটির নিকট উপস্থাপনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ	-	৭ এপ্রিলের মধ্যে

০২। উল্লিখিত সময়সূচি অনুযায়ী জানুয়ারি-ডিসেম্বর ২০১৮ কর্মকাল বিবেচনা করে 'জনপ্রশাসন পদক ২০১৯' প্রদানের লক্ষ্যে মনোনয়ন (নিকোশ ফ্রন্ট সফট কপিসহ) প্রেরণের জন্য নীতিমালা অনুসারে আবেদন আহবান এবং পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(ড. মোহাম্মদ জিয়াউল হক)  
উপসচিব  
ফোন: ৯৫১৩৫৪৪

E-mail: cp2@mopa.gov.bd

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব,

-----মন্ত্রণালয়/বিভাগ (সকল)।

৩. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা বাছাই কমিটি

-----জেলা (সকল)।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বিভাগীয় কমিশনার, -----বিভাগ (সকল)।
- ২। সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ৩। সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব (সিপিটি)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ৫। যুগ্মসচিব (সিপি)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় (যুগ্ম সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ৬। অফিস কপি।